



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
আইন শাখা-১  
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০২০.২০-১৫৫

তারিখঃ ০৮ চৈত্র ১৪২৬  
২২ মার্চ ২০২০

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-১৭৫৮/২০২০ মামলার বিষয়ে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণসহ গৃহীত কার্যক্রম এ বিভাগকে অবহিতকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন ভুরারঘাট এম.ইউ বহুমুখী ফাজিল (ডিগ্রী) মাদ্রাসা এর গভর্নিং বডির মেয়াদ না থাকায় বিধি মোতাবেক শিক্ষক ও কর্মচারীদের বেতন বিলে প্রতিস্বাক্ষরের জন্য উক্ত প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত অধ্যক্ষ কর্তৃক গত ০২.০২.২০ তারিখে আবেদন করা হয় (কপি সংযুক্ত)।

০২। উক্ত আবেদনটি নিষ্পত্তি না হওয়ায় অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৭৫৮/২০২০ দায়ের করা হয়। উক্ত রিট মামলায় গত ১০.০২.২০ তারিখে নিম্নোক্ত রায়/আদেশ দেয়া হয়:

According, the Respondent No. 4, Deputy Commissioner, Gaibandha is directed to dispose of the representation/application dated 02.02.20 annexure-D to the writ petition submitted before him by the petitioner within a period of 30 (thirty) day from the date of receipt of this order, in accordance with law and communicate the decision of the petitioner. With the above observations and directions the application is disposed of.

০৩। উক্ত রিট মামলার ১০.০২.২০ খ্রি. তারিখের আদেশে পিটিশনার কর্তৃক দাখিলকৃত গত ০২.০২.২০ তারিখের আবেদনপত্রটি (যা জেলা প্রশাসক, গাইবান্ধা, বরাবর Annexure-D মূলে দাখিল হয়েছিল) যথাসময়ে নিষ্পত্তি না করায় রিট মামলার উদ্ভব হয়েছে সেহেতু বর্ণিত রিট মামলার নির্দেশনা মোতাবেক পিটিশনারের ০২.০২.২০ তারিখের আবেদনটি মহোদয় কর্তৃক বিধিগতভাবে নিষ্পত্তি হওয়া আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১৭৫৮/২০২০ মামলায় গত ১০.০২.২০ তারিখের নির্দেশনা মতে পিটিশনারের ০২.০২.২০ তারিখের আবেদনটি (Annexure-D মূলে) বিধি অনুযায়ী নিষ্পত্তি করে পিটিশনারকে জানিয়ে গৃহীত পদক্ষেপের তথ্য মহামান্য আদালতকে (আইনগত সুযোগ থাকলে) অবহিতক্রমে আগামী ৩০.০৩.২০ খ্রি. তারিখের মধ্যে TMED কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো। সেসাথে জবাব (Affidavit in opposition) আদালতে দাখিল নিশ্চিত করার জন্যও অনুরোধ করা হলো।



(নূরজাহান বেগম)

সিনিয়র সহকারী সচিব (আইন)

ফোন- ৯৫৭৫২৭২

জেলা প্রশাসক

গাইবান্ধা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। জনাব মো: সাখাওয়াত হোসেন, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), ভুরারঘাট এম.ইউ বহুমুখী ফাজিল (ডিগ্রি) মাদ্রাসা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
- ৭। মাস্টার কপি/অফিস কপি।